SYLHET

# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৮ম মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব তানিয়া আক্তার,উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট |
| তারিখ | : | ২৩ জানুয়ারি ২০২৫ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এমটি(ল্যাব) অন্যত্র বদলী হওয়ায় হাসপাতালে ল্যাবরেটরী সার্ভিস বন্ধ রয়েছে। জনবল পদায়নের পর আবারও পুনঃরায় চালু হবে।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অ্যাম্বুলেন্স নষ্ট অবস্থায় রয়েছে। মেরামতের বরাদ্দ শেষ হওয়ায় মেরামত করা যাচ্ছে না। উক্ত অ্যাম্বুলেন্সটি দ্রুত মেরামত করা প্রয়োজন।<br>উক্ত রক্তচাপ ও ডায়বেটিসের ঔষধের দ্বিতীয় চালান এসেছে এবং ধারাবাহিকভাবে সেবা প্রদান করা যাচ্ছে।<br>কোভিট-১৯ এর কিছু ভ্যাকসিন আসছে। যারা বোস্টার ডোজ এখনো দেন নাই তারা বোস্টার ডোজ ভ্যাকসিন দেওয়ার জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অ্যাম্বুলেন্সটি মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানার প্রতিনিধি আলোচ্য মাসের সার্বিক আইশৃঙ্খলা পরিস্থিতির অপরাধ চিত্র তুলে ধরেন। আলোচ্য মাসে কানাইঘাট উপজেলায় ০১ টি হত্যাকান্ড ও ০১ টি ধষণ সংঘটিত হয় বলে সভায় জানান। এছাড়া সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি আইনশৃঙ্খলা রক্ষায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>সভাপতি, কানাইঘাট থানার সামনে ও মোড়ে চেকপোষ্ট বসানোর জন্য ইনচার্জ কানাইঘাট থানাকে অনুরোধ করেন। তিনি অপরাধ প্রবণতার বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সজাগ দৃষ্টি থাকতে হবে। পাথর চুরি বন্ধ,মাদক এবং অন্যান্য অপরাধের সাথে লোকজন জড়িয়ে না পড়তে পারে। | ক) আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, পাথর চুরি বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ,মাদক এবং অন্যান্য অপরাধের বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী, ইউপি চেয়ারম্যানগণ এবং সংশ্লিষ্ট সবাইকে সর্তক দৃষ্টি রাখতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, প্রাথমিক পর্যায়ের সকল বিদ্যালয়ে ২০২৫ সালের পাঠ্যবই শিক্ষার্থী পর্যায়ের বিতরণ করা হয়েছে। উপজেলার ০৩ নং দিঘীরপাড় ইউনিয়নের অর্ন্তগত একটি বিদ্যালয় কুওড়ের মাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়টি সুরমা নদীর তীর ঘেষে অবস্থিত। সম্প্রতি সুরমা ডাইকের কাজ চলছে। সুরমা ডাইকে বিদ্যালয়ের সম্মুখের অংশে মাটি ফেলা হয়েছে। মাটি বিদ্যালয়ের বারান্দা পর্যন্ত এসেছে। বিদ্যালয়ের শ্রেণিকক্ষে প্রবেশে সমস্যা হচ্ছে। বৃষ্টি শুরু হলে মাটি শ্রেণি ও অফিস কক্ষে প্রবেশ করবে। সেক্ষেত্রে বিদ্যালয়ের ঐ অংশে প্রবেশ ও শ্রেণিপাঠদান পরিচালনা সম্ভব হবে না। উল্লেখ্য বিদ্যালয়ের অপর ০২ টি শ্রেণিকক্ষ রয়েছে যা একটু দূরে অবস্থিত। উল্লেখিত সমস্যা সমাধানের জন্য জরুরী ভিত্তিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | উপজেলার ০৩ নং দিঘীরপাড় ইউনিয়নের অর্ন্তগত কুওড়ের মাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণি কক্ষের সামনে থেকে মাটি সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে উপ-সহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড সিলেট-কে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ উপ-সহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ইতিমধ্যে উপজেলা পর্যায়ে প্রায় ৫০% বিনামূল্যে বিতরণযোগ্য বই পেয়েছি এবং প্রাপ্য বই প্রতিষ্ঠান পর্যায়ে বিতরণ করা হয়েছে। ফাজিল(স্নাতক)পাস ১ম,২য় এবং ৩য় বর্ষের পরীক্ষা চলমান রয়েছে। এছাড়াও ডিগ্রী পরীক্ষা-২০২৩ সালের ১ম বর্ষের পরীক্ষা আগামী ২৯-০১-২০২৫ ইং তারিখ থেকে শুরু হবে।<br>তিনি আরোও জানান যে, উপজেলা পর্যায়ে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫ অনুষ্ঠিত হবে। আগামী ০২,০৩, ও ০৪ ফেব্রুয়ারি-২০২৫ তারিখ শুরু হবে বলে। উক্ত শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | আগামী ০২,০৩, ও ০৪ ফেব্রুয়ারি-২০২৫ইং তারিখ অনুষ্ঠিত শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সুষ্টু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা /সংশ্লিষ্ট সকল কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় যাচাই-বাছাই কমিটি কর্তৃক দাখিলকৃত প্রকল্পগুলোর দরপত্র আহবান করা হয়েছে।<br>তিনি আরোও জানান যে, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট মহোদয়ের ময়ূরাক্ষী বাসার দরজা ও জানালা মেরামতকরণ বাবদ ৬০,০০০/-(ষাট হাজার) টাকার প্রাক্কলন,কাজলী কোয়াটার মেরামতকরণ বাবদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন ও ছায়ানীড় কোয়াটারের(ক ইউনিট) মেরামতকরণ বাবদ ১,১০,০০০/-(এক লক্ষ দশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনগুলো অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান,০৭ দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়ন পরিষদ | (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচীর উপস্থাপিত দাখিলকৃত পিআইসি প্রকল্পগুলোর কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ময়ূরাক্ষী বাসার দরজা ও জানালা মেরামতকরণ বাবদ ৬০,০০০/-(ষাট হাজার) টাকার প্রাক্কলন,কাজলী কোয়াটার মেরামতকরণ বাবদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন ও ছায়ানীড় কোয়াটারের(ক ইউনিট) মেরামতকরণ বাবদ ১,১০,০০০/-(এক লক্ষ দশ হাজার) টাকার প্রাক্কলনসহ | উপজেলা প্রকৌশলী / উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |



CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভায় জানান, কানাইঘাট হইতে গাছবাড়ী বুরহান উদ্দিন রাস্তা দ্রুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।<br>চেয়ারম্যান,০৮ ঝিংগাবাড়ী ইউনিয়ন পরিষদ সভায় জানান, যে পরিমাণ বরাদ্দ পাওয়া গেছে সেগুলো দিয়ে কানাইঘাট হইতে গাছবাড়ী বুরহান উদ্দিন রাস্তায় বড় বড় গর্ত ভরাট করার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | মোট ০৩(তিন) টি প্রাক্কলন অনুমোদন করা হলো।<br>(গ) কানাইঘাট হইতে গাছবাড়ী বুরহান উদ্দিন রাস্তা মেরামতের জন্য যে বরাদ্ধ পাওয়া গিয়াছে সেই বরাদ্ধ অনুয়ায়ী মেরামতের কাজ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন প্রকার রাসায়নিক সারের মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। বোরো ধানের রোপন কার্যক্রম চলমান রয়েছে। শীতবালীন সবজি উৎপাদন স্বাভাবিক। দুইদিন যাবত অতিরিক্ত কোয়াশা থাকায় আলুর লেট ব্লাইট রোগের সম্ভবনা রয়েছে। এ জাতীয় কোন সমস্যা দেখা দিলে সাথে সাথে উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করার জন্য সভায় অনুরোধ জানান। | অতিরিক্ত কোয়াশা থাকায় আলুর লেট ব্লাইট রোগের সম্ভবনা থাকলে সাথে সাথে আলু চাষীদেরকে উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে শুষ্ক মৌসুমে বিল/জলাশয়ের পানি সম্পূর্ণ সেচে মাছ ধরার প্রবণতা বেড়ে যাবে। দেশীয় প্রজাতি মাছের বংশ রক্ষার্থে মৎস্য সংরক্ষণ আইনে বিল/জলাশয়ের পানি সম্পূর্ণ সেচে মাছ ধরা নিষিদ্ধ। এ বিষয়ে অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন।<br>এছাড়াও মৎস্য অধিদপ্তর কর্তৃক জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | যাতে করে শুষ্ক মৌসুমে বিল/ জলাশয়ের পানি সম্পূর্ণ সেচ না করে শুকিয়ে মাছ ধরা বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, সভায় জানান যে, ২৪-১২-২০২৪ ইং তারিখে প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লগসই প্রযুক্তির হস্তান্তর প্রকল্পের আওতায় ২৫ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা উপজেলা সমাজ সেবা বিভাগের কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | সমাজ সেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় টিআর,কাবিটা ও কাবিখার বরাদ্দ পাওয়া গিয়াছে। বিভাজন করে দ্রুত বরাদ্দ প্রদান করা হবে।<br>তিনি আরোও জানান যে, বরাদ্দ পাওয়ার পরপরই সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রকল্পের তালিকা দ্রুত জমা দেওয়ার জন্য সভায় অবহিত করেন। | টিআর, কাবিটা ও কাবিখার বরাদ্দ পাওয়ার পরপরই সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ প্রকল্পের তালিকা দ্রুত জমা দেওয়ার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান,২০২৫-২০২৬ ভিজিডি চক্রে জানুয়ারি-২০২৫ মাসের ২য় সপ্তাহে আবেদন শুরু হওয়ার সম্ভবনা ছিল। কিন্তু সার্ভার জটিলতার কারণে এখনও আবেদন শুরু করা সম্ভব হয়নি। সার্ভারের জটিলতার সমস্যা সমাধান হলে তাৎক্ষনিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভাকে অবহিত করেন। তিনি আরোও জানান, অত্র উপজেলায় ০৯(নয়)টি ইউনিয়ন ও ০১(এক)টি পৌরসভা সহ মোট ১০(দশ)টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে এবং ক্লাবের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ক) সার্ভারের জটিলতার সমস্যা সমাধান হলে তাৎক্ষনিকভাবে কাজ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।<br>খ) অত্র উপজেলায় ০৯(নয়)টি ইউনিয়ন ও ০১(এক)টি পৌরসভা সহ মোট ১০(দশ)টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম তদারকী করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়নকর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, তৃণমূল পর্যায়ে দক্ষ ও কর্ম দক্ষ, দেশপ্রেমী সদস্যদের নিয়ে গ্রাম ভিত্তিক ১০ দিনব্যাপী অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | তৃণমূল পর্যায়ে দক্ষ ও কর্ম দক্ষ, দেশপ্রেমী সদস্যদের নিয়ে গ্রাম ভিত্তিক ১০ দিনব্যাপী অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান, অত্র উপজেলায় নিবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের সকল কার্যক্রম হাতে নেয়া হয়েছে। গ্রীস্মকালে বিদ্যুত্তের চাহিদা বাড়বে এবং এলডিসি ও লোড কন্ট্রোল থেকে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ হলে নিবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে। ঝড়বৃষ্টি ও গ্রীস্মকে সামনে রেখে প্রয়োজনীয় সকল রক্ষণাবেক্ষণ সম্পন্ন করা হচ্ছে। এবং কিছু আপগ্রেডেশন কাজ হাতে নেয়া হয়েছে যা শীঘ্রই সমাপ্ত হবে।<br>তিনি আরোও জানান, সকল সরকারী - বেসরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | সকল সরকারী - বেসরকারী অফিসের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান, প্রতি মাসে ০২(দুই) টি উঠান বৈঠক, ডোর টু ডোর ও তথ্যকেন্দ্র সেবার মাধ্যমে ৪০০ জন গ্রামীণ নারীদের ডায়বেটিজ,প্রেশার ,ওজন ও উচ্চতা মাপা এ ধরণের সেবা দেওয়া হয়ে থাকে। | উঠান বৈঠক,ডোর টু ডোর ও তথ্যকেন্দ্র সেবার মাধ্যমে ৪০০ জন গ্রামীণ নারীদের ডায়বেটিজ, প্রেশার ,ওজন ও উচ্চতা মাপা | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সমবায় বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা সমবায় কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন বিভাগের আওতাধীন প্রাতিষ্ঠানিক /অপ্রাতিষ্ঠানিক ০২(দুই)টি প্রশিক্ষণ চলমান রয়েছে বলে সভায় অবহিত করেন। | যুবউন্নয়ন বিভাগের আওতাধীন প্রাতিষ্ঠানিক /অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ চলমান রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, ২০০৫-২০০৬ অর্থ বছরে বন বিভাগ কর্তৃক মুলাগুল চা বাগিচা মৌজার স্থানীয় উপকারভোগী নিয়োগ করে ১০ বছর মেয়াদী ৩০.০ একর কৃষি বন বাগান সৃজন করা হয়। মেয়াদ উত্তীর্ণ হওয়ায় বাগানের গাছ কর্তনের বিষয়ে বি.ব.ক সিলেট মহোদয়ের স্মারক নং - ৭৪৮১,তারিখ ১৮-১১-২০২৪ মূলে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন বলে সভাকে অবহিত করেন।<br>২০২১-২০২২ অর্থ বছরে কানাইঘাটে ২০ সিডলিং কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজন করা হয়। যার অংশ লক্ষীবাই,সোনাপুর ভায়া বোবাইলপুর বিরল বাজার রোডে ৫ সিডলিং কিলোমিটার বিদ্যমান। উক্ত রাস্তাটি সম্প্রসারণের জন্য স্থানীয় প্রকৌশল বিভাগ কর্তৃক নিয়োজিত ঠিকাদার কাজ শুরু করলে রাস্তার একপাশের চারা কেটে রাস্তা সম্প্রসারণ করছেন বলে বিট কর্মকর্তা কানাইঘাট সভায় অবহিত করেন। রাস্তার দুইধারের গাছ রক্ষা করে রাস্তা সম্প্রসারণ সংস্কার কাজ করার জন্য অনুরোধ করেন।<br>উপজেলা প্রকৌশলী, কানাইঘাট লক্ষীবাই, সোনাপুর ভায়া বোবাইলপুর বিরল বাজার রাস্তা সম্প্রসারণ/ঢালাই কাজের কারণে চারা গাছগুলি কর্তন করার জন্য এবং কানাইঘাট হতে গাছবাড়ী বুরহানউদ্দিন রাস্তার পাশে বড় বড় গাছগুলো কর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় প্রস্তাব করেন। | ক) মাঠ পর্যায়ে বাড়া গাছ মার্কিং, পরিমাপ ও মূল্য নির্ধারণ পূর্বক সারসংক্ষেপ তৈরী করে পরবর্তী উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি,কানাইঘাট এর সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে কানাইঘাট লক্ষীবাই, সোনাপুর ভায়া বোবাইলপুর বিরল বাজার রাস্তা সম্প্রসারণ/ঢালাই কাজে চারা গাছগুলি রক্ষা করে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিট কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, FRT প্রকল্পের আওতায় ১১০(একশত দশ)টি গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | FRT প্রকল্পের আওতায় ১১০(একশত দশ)টি গভীর নলকূপ স্থাপনের কাজ এর গুণগতমান তদারকি করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আমন মৌসুমের ধান সংগ্রহ লক্ষ্যমাত্রা ছিল ৮৭০ মে.টন ইতিমধ্যে ২১৯ মে.টন ধান সংগ্রহ করা হয়েছে। ইতি মধ্যে সিদ্ধ চাল সংগ্রহ হয়েছে ৬০% বলে সভায় অবহিত করেন।<br>তিনি আরোও জানান যে, গত ১২-০১-২০২৫ খ্রিঃ তারিখ থেকে কানাইঘাট পৌরসভার ভিতরে ০২(দুই) টি ডিলার পয়েন্ট থেকে প্রতিদিন ০১(এক) টন করে মোট ০২(দুই) টন চাল প্রতি কেজি ৩০(ত্রিশ) টাকা দরে ও.এম.এস.-এ বিক্রি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | আমন মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান-চাল সংগ্রহ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, পল্লীসঞ্চয় ব্যাংক কর্তৃক মাসিক ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৮০ লক্ষ টাকা,মাসিক আদায় হয়েছে ৬৫ লক্ষ টাকা,মোট আদায় হয়েছে ১.৪৫ লক্ষ টাকা। চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্র ৪ কোটি ৩৫ লক্ষ টাকা। মোট ঋণ খেলাপী ৪ কোটি ৩৫ লক্ষ | পল্লী সঞ্চয় ব্যাংকের খেলাপী ঋণ আদায় করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | | কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স না থাকায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট সিলেট এর কোন অগ্রগতি জানা যায়নি। | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট সিলেটকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড সিলেট সভায় উপস্থিত না থাকার কারণে পানি উন্নয়ন বোর্ড এর কোন অগ্রগতি জানা যায়নি। | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড সিলেটকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | পানি উন্নয়ন বোর্ড সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | উপজেলা ফিল্ড সুপারভাইজার সভায় জানান, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম অত্র উপজেলায় মোট ১৪০ টি কেন্দ্র বরাদ্দ রয়েছে। এর মধ্যে ৬৭ টি প্রাক প্রাথমিক কেন্দ্র এবং ৭২ টি সহজ কোরান শিক্ষা এবং ০১ টি বয়স্ক শিক্ষা কেন্দ্র রয়েছে।<br>বর্তমানে বিভিন্ন কারণে ৬টি কেন্দ্র বন্ধ রয়েছে এ তথ্য মাসিক সভায় জানানো হয়েছে এবং ২০২৪ সালে ৩১শে ডিসেম্বর (৭ম পর্যায়ে) প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যায়। ৮ম পর্যায়ের প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে। অল্প কিছুদিনের ভিতরে প্রকল্প পুনঃরায় চালু হওয়ার সম্ভবনা রয়েছে বলে সভাকে অবহিত করেন। | মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমে প্রতিটি কেন্দ্র সঠিকভাবে চালু আছে কিনা এবং লেখাপড়া হচ্ছে কি না তা তদারকী করার জন্য উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন, কানাইঘাট সিলেটকে অনুরোধ করা হলো। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট,সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৩৬ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা টি এবং ১২ টি মামলা অনিষ্পত্তি ২৪ টি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানগণদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কানাইঘাট, সিলেট |
| ২৯ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে(ক) উপজেলা পরিষদের প্রশাসক মহোদয়ের সম্মানী;(খ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ;(গ) উপজেলার পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয় ;(ঘ) উপজেলা পরিষদের প্রশাসন ভবনের নিচতলায় জানালার নতুন গ্লাস ফিটিং ও মেরামত বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ)টাকা ব্যয়;(ঙ) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট এর অফিস রুম ও বাংলোর অফিস রুমের জন্য আসবাবপত্র ক্রয় বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ)টাকা ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০১/২৫

তানিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.২০(৩৫)　　তারিখ: ০৯ মাঘ ১৪৩১ / ২৩ জানুয়ারি ২০২৫

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান -------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব --------------------------------------- কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

২৬/০১/২৫

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নং ঝিংগাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট,সিলে | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব ডা: সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোজাদ্দিদ মাহমুদ | প্রতিনিধি উপজেলা কৃষি কর্মকর্তার, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: সফিকুল ইসলাম ভূঁইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব জসীম উদ্দিন | প্রতিনিধি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোাঃ আবু সাইম | প্রতিনিধি অফিসার ইনচার্জ, কানাইঘাট থানার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব রফিকুল ইলাম তালকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব সাখায়াত হোসেন | প্রতিনিধি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব তাপস চক্রবতী | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোস্তাফিদুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মো: আলী আক্তার চৌধুরী | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোহাম্মদ রিপন হোসেন | উপজেলা নিবাচন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মো: সিরাজুল ইসলাম ভুইয়া | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব উজ্জ্বল ভট্রচায্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব প্রকৌশলী মাসুদুর রহমান | উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মো: হিরণ মিয় | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মো: আব্দুল কাদির | উপজেলা স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মো: গোলাম কিবরিয়া | উপজেলা ফিল্ড সুপারভাইজার,ইসলামী ফাউন্ডেশন | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব ফাহমিদা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩১ | জনাব মো: ফারুক আহমদ | উপজেলা ইউডিএফ(জাইকা),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| নং | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোড,সিলেট |

CS CamScanner